

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা  
www.dae.gov.bd


বিজ্ঞপ্তি

নং-৯৫৬৯ তাং-১৩/১০/২০১৬ খ্রি.


বিগত ৩০/০৫/২০১৬ তারিখের ১২.০১.০০.০০.৩৮.১১.০০৬.২০১৫-৪৭৯৫ নং স্মারক পত্রের মাধ্যমে “দৈনিক ইত্তেফাক এবং দৈনিক সংবাদ” পত্রিকায় প্রকাশিত উপসহকারী কৃষি কর্মকর্তা নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করা হয়। গত ০৭/১০/২০১৬ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আই,বি,এ এর মাধ্যমে লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়। লিখিত পরীক্ষায় ৪৯৭৪ (চার হাজার নয়শত চুয়ত্তর) জন প্রার্থী উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণ প্রার্থীদের রোল নম্বর সম্বলিত তালিকা ১৯ (উনিশ) পাতা সংযুক্ত করা হলো। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫ বরাবরে সরকারী ডাক/কুরিয়ার সার্ভিস যোগে উত্তীর্ণ প্রার্থীদের নিম্নোবর্ণিত সনদ ও অন্যান্য কাগজপত্র (০২ সেট) আবশ্যিকভাবে ০৩/১১/২০১৬ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে পৌছাতে হবে।

সনদপত্র ও কাগজপত্রাদি

- ১। ইতোপূর্বে ডাউনলোডকৃত Applicant's copy এর ফটোকপির উপরে ডান কোণায় পরীক্ষার রোল নম্বর উল্লেখ করে দাখিল করতে হবে।
  - ২। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
    - ক) এসএসসি
    - খ) কৃষি ডিপ্লোমা সার্টিফিকেট।
    - গ) অন্যান্য
  - ৩। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি।
  - ৪। সরকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি।
  - ৫। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি অথবা জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
  - ৬। লিখিত পরীক্ষার জন্য প্রদত্ত প্রবেশ পত্রের ফটোকপি।
  - ৭। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সনদ পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
  - ৮। দাবীকৃত কোটা শারীরিক প্রতিবন্ধি, আনসার ভিডিপি, ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের সার্টিফিকেটের সত্যায়িত কপি।
  - ৯। অনলাইনে প্রথম আবেদনের সাথে দাখিলকৃত ছবির অবিকল দুই কপি সত্যায়িত ছবি।
  - ১০। জেলা কোটার সমর্থনে স্ব-স্ব ইউনিয়ন চেয়ারম্যান/পৌর অথবা সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র একটি মূলকপি ও একটি সত্যায়িত ফটোকপি।
- বিঃদ্রঃ ছবি ও কাগজপত্র প্রথম শ্রেণী সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীলমোহর থাকতে হবে।

  
মোঃ মোয়াজ্জেম হোসেন  
উপ পরিচালক (পার্সোনেল)

ও  
সদস্য সচিব  
বিভাগীয় বাছাই ও নির্বাচন কমিটি  
ফোন-৮২১১৭৮

  
১৭/১০/১৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণ : উপ সচিব (সম্প্রসারণ)।
- ২। উপ পরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ডিএই, খামারবাড়ি, ঢাকা।